# জেলা পরিষদ কার্যালয়

## মেহেরপুর

(www.zpmeherpur.org)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-জেপ/মেহের/২০১৮- ২৯৬

তারিখ ঃ ০৪ -০৯-২০১৮ খ্রিঃ।

### নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর গত ০৯-০৭-২০১৮ খ্রিঃ তারিখের স্মারক নং ৪৬.০৪২.০১১.০৪.০০.১৩০.২০১৩.১২৪৫ এর ছাড়পত্র মোতাবেক মেহেরপুর জেলা পরিষদের নিম্নলিখিত শূন্য পদে শর্ত সাপেক্ষে লোক নিয়োগ করার জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১। | সার্ভেয়ার | টাকা ৯৩০০-৯৭৭০-১০২৬০-১০৭৮০-১১৩২০-১১৮৯০-১২৪৯০-১৩১২০-১৩৭৮০-১৪৪৭০-১৫২০০-১৫৯৬০-১৬৭৬০-১৭৬০০-১৮৪৮০-১৯৪১০-২০৩৯০-২১৪১০-২২৪৯০ | ১ (এক) টি | সরকার কর্তৃক অনুমোদিত সার্ভে ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা। |

**শর্তাবলী ঃ**

০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,মেহেরপুরকে সম্বোধন করে লিখিত দরখাস্ত আগামী ২০-০৯-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে মেহেরপুর জেলা পরিষদে পৌঁছাতে হবে।

০২। প্রার্থীর বয়স ২০-০৯-২০১৮ খ্রিঃ তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৪। দরখাস্তে নিম্নলিখিত বিবরণ থাকতে হবে ঃ স্পষ্ট অক্ষরে নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ২০-০৯-২০১৮ খ্রিঃ তারিখে বয়স, শিক্ষগত যোগ্যতা, ধর্ম, জাতীয়তা, অভিজ্ঞতা (যদি থাকে)।

০৫। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

০৬। দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে ঃ (ক) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি। (খ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সদনপত্র। (গ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (ঘ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের ছায়ালিপি। সনদপত্র প্রদানকারী বা সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবী সম্বলিত সীলবিহীন কোন ছবি বা কাগজপত্র দাখিল করা হলে উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। (ঙ) আবেদনের সাথে **'প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ,মেহেরপুর'** এর অনুকূলে অফেরতযোগ্য ১০০.০০ (একশত) টাকার পোষ্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযোজন করতে হবে।

০৭। শূন্য পদ পূরণ সংক্রান্ত কোটা সম্পর্কিত নীতিমালা অনুসরণ করা হবে। কোন প্রার্থী কোটা সুবিধার জন্য আবেদন করলে আবেদনের সপক্ষে কোটাতে অন্তর্ভুক্তির প্রমাণপত্র/যথাযথ কর্তৃপক্ষের কাগজপত্র দাখিল করতে হবে।

০৮। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে তার পিতা/মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র (মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর স্বাক্ষর ও মুক্তিযোদ্ধা সংসদের মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্র) এর সত্যায়িত ছায়ালিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

চলমান পাতা-০২

০৯। নির্ভুল ঠিকানায় প্রবেশ পত্র ডাকযোগে জারীর স্বার্থে আবেদন পত্রের সাথে নিজের নাম ঠিকানা লিখিত ১০/- টাকার ডাকটিকিট লাগানো ১০.৫ × ৪.৫ ইঞ্চি সাইজের একটি খাম দিতে হবে।

১০। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে এবং এর জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১১। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদ পত্রের মুল কপি প্রদর্শন করতে হবে।

১২। চাকুরীর শর্তাবলী ও বেতনভাতার সুযোগ সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন, স্থানীয় সরকার জেলা পরিষদ কর্মকর্তা/কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০ এবং সরকার কর্তৃক জারীকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে।

১৩। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। ইহা স্থায়ী নিয়োগের নিশ্চয়তা বহন করে না। এ নিয়োগ সম্পর্কে কোন জটিলতা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বিবেচিত হবে।

মোঃ খায়রুল হাসান
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,মেহেরপুর।
ফোন-০৭৯১-৬২৪৬৪

স্মারক নং-জেপ/মেহের/২০১৮- ২১৫(৪০) তারিখ ঃ ০৪-০৯-২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ-

০১। সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ,খুলনা।
০৩। জেলা প্রশাসক,মেহেরপুর।
০৪। পুলিশ সুপার,মেহেরপুর।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ,............................ (সকল)।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,জেলা প্রশাসকের কার্যালয়,মেহেরপুর।
০৭। সিভিল সার্জন,মেহেরপুর।
০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,মেহেরপুর।
০৯। উপজেলা চেয়ারম্যান,মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর,মেহেরপুর।
১০। মেয়র, মেহেরপুর পৌরসভা/গাংনী পৌরসভা।
১১। উপ-পরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,মেহেরপুর।
১২। উপজেলা নির্বাহী কর্মকর্তা,মেহেরপুর সদর/গাংনী/মুজিবনগর,মেহেরপুর।
১৩। উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর/পরিবার পরিকল্পনা,মেহেরপুর।
১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,মেহেরপুর।
১৫। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,মেহেরপুর।
১৬। জেলা রেজিস্ট্রার,মেহেরপুর।
১৭। সহকারী প্রকৌশলী,জেলা পরিষদ,মেহেরপুর।
১৮। চেয়ারম্যান, জেলা পরিষদ, মেহেরপুরের গোপনীয় সহকারী (সম্মানিত চেয়ারম্যান এর সদয় অবগতির জন্য)।
১৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুরের গোপনীয় সহকারী (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২০। নোটিশ বোর্ড, জেলা পরিষদ,মেহেরপুর।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,মেহেরপুর।